



## ডিসি সারওয়ার আলমকে পুনর্বহালের দাবি গণঅধিকার পরিষদের



ডিসি সারওয়ার আলম। ছবি: সংগৃহীত

গণঅধিকার পরিষদের পক্ষ থেকে সিলেটের জেলা প্রশাসক (ডিসি) মো. সারওয়ার আলমকে পুনর্বহালের দাবি জানানো হয়েছে।

রোববার (২১ জুন) রাতে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক পোস্টে দলটির উচ্চতর পরিষদের সদস্য ও গণমাধ্যম সমন্বয়ক আবু হানিফ এ দাবি তোলেন।

ফেসবুক পোস্টে তিনি লিখেন, সম্প্রতি সিলেটের ডিসি সারওয়ার আলমকে প্রত্যাহার করা হয়েছে। তিনি দাবি করেন, এর আগে তিনি মাজারের অর্থ ব্যবস্থাপনা ও সিলেটের বিভিন্ন অনিয়ম ইস্যুতে কথা বলেছিলেন এবং পাথর খনন ও অনিয়মের বিরুদ্ধে ভূমিকা রেখেছিলেন।

তিনি আরও লেখেন, সারওয়ার আলম একজন সৎ ও পেশাদার কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং অতীতেও অনিয়মের বিরুদ্ধে অবস্থান নেওয়ায় নানা চাপে পড়েছেন। তার ভাষায়, প্রশাসনিক বদলি স্বাভাবিক বিষয় হলেও এই ক্ষেত্রে সিদ্ধান্তটি নিয়ে প্রশ্ন উঠছে।

আবু হানিফ সরকারের প্রতি আহ্বান জানান, তাকে পুনর্বহাল করা উচিত। না হলে প্রশাসনিক সিদ্ধান্ত নিয়ে জনমনে ভুল বার্তা যেতে পারে বলেও তিনি মন্তব্য করেন।